

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ।
dpeosiraj@gmail.com


স্মারক নং : জেপ্রাশিঅ/সিরাজ/১০২

তারিখঃ ১০ মার্চ ২০২৪ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩-এর ২য় গ্রুপের (রাজশাহী) আওতাধীন সিরাজগঞ্জ জেলার ভাইভা পরীক্ষা আগামী ২০ মার্চ ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকা হতে শুরু হবে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ কার্যক্রম বিধি বিধান অনুসরণপূর্বক সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে চাকুরী প্রত্যাশীদের মূল্যায়ন এবং নির্বাচন করা হয়। এক্ষেত্রে কোন ধরণের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই।

সে কারণে কোনক্রমেই কোন দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুদ্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করা বা কারো সাথে যোগাযোগ বা তদবীর না করার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন প্রকার সুযোগ নেই। সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে চাকরি হবে। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা থানা বা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


২০/৩/২০২৪

এস এম আব্দুর রহমান

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

সিরাজগঞ্জ।

ফোন : ০২৫৮৮৮৩০২০৩

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব(সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬।
- ৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৭। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা), সিরাজগঞ্জ।
- ১০। উপজেলা শিক্ষা অফিসার (সকল), সিরাজগঞ্জ।
- ১১। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
- ১২। সংরক্ষণ নথি।